# ১.৩

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর,
ঢাকা- ১০০০
www.dol.gov.bd

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.০৩৫.০৬.০০১.২১.৬৪৮

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভা ।**

শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে একটি সভা আগামী ০৭/১১/২০২৪খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের "বৈঠকি" সম্মেলন কক্ষে (লিফট-১৯) শ্রম অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। সভায় অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

আলোচ্য সূচীঃ

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকারআইন সম্পর্কিত আলোচনা।

২। বিবিধ।

০৭-১১-২০২৪
মিনু আফরোজ
উপ পরিচালক ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
কর্মকর্তা

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, প্রশাসন, হিসাব ও সাধারন / ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষন / পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি / মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / নারায়ণগঞ্জ, শ্রম অধিদপ্তর (শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় অংশগ্রহন নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৩। উপ পরিচালক, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান / সালিশী ও প্রশিক্ষণ / হিসাব ও সাধারন / শ্রম কল্যাণ ও বিনোদন / শুদ্ধাচার ও বিবিধ, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। সহকারী পরিচালক, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান / প্রশিক্ষণ / হিসাব / সাধারন / সালিশী, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / বন্দর, নারায়ণগঞ্জ / চাষাড়া, নারায়ণগঞ্জ (শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় অংশগ্রহন নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৬। মহাসচিব ও সিইও, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা (০২ জন উপযুক্ত

প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৭। সভাপতি / সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল (বাজাফে-০৭) (০২ জন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৮। সভাপতি / সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন (বাজাফে-০৮) (০২ জন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.০৩৫.০৬.০০১.২১.৬৪৮/১ (৪)

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের সভাকক্ষ প্রস্তুত ও আপ্যায়নের ব্যবস্থা করার অনুরোধসহ)।
২। সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

০৭-১১-২০২৪
মিনু আফরোজ
উপ পরিচালক ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
কর্মকর্তা

শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে সভায় উপস্থিতির হাজিরা

| ক্রমিক নং | নাম, পদবী ও দপ্তরের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১. | মুহাম্মদ নাছির উদ্দিন<br>অতিঃ পরিচালক | [signature] |
| ০২. | মিনু আফরোজ<br>উপপরিচালক, শ্রম অধিদপ্তর | [signature] |
| ০৩. | মিতসু নাওলিন<br>DD, HQ | [signature] |
| ০৪. | আনোয়ার হোসেন<br>সভাপতি | [signature] |
| ০৫. | Mohammad Khorshed Alam | [signature] |
| ০৬. | অ্যাডভোকেট আতিকুর রহমান<br>সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্র.ক. ফেডারেশন | [signature] |
| ০৭. | মো: সোহেল রানা মিয়া<br>কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সম্পাদক<br>বাংলাদেশ শ্রমিক কর্মচারী ফেডা. | [signature] |
| ০৮. | ডা: ফারহানা ভূঁইয়া<br>সিনিয়র মেডিকেল অফিসার,<br>শ্রম. ক. কে., বন্দর, নারায়ণগঞ্জ | [signature] |
| ০৯. | ডা. সৈয়দা নূরুন নাহার ইসলাম<br>সিনিয়র মেডিকেল অফিসার, তেজগাঁও | N.Nahar |
| ১০. | আসমা আখতার<br>সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর ঢাকা। | [signature] |
| ১১. | মোশাররফ হোসেন<br>সহকারী পরিচালক<br>শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় | [signature] |
| ১২. | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
www.dol.gov.bd

স্মারক নং-৪০.০২.০০০০.০৩৫.০৬.০০১.২১.৫৪ তারিখঃ ১৩/১১/২০২৪খ্রি.

বিষয়ঃ- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার বিষয়ক অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরনী।

সভাপতি :মুহাম্মদ নাসির উদ্দিন
পরিচালক (প্রশাসন)
সভার স্থান :শ্রম অধিদপ্তরের বৈঠকি সম্মেলন কক্ষ
সভার তারিখ :০৭/১১/২০২৪খ্রি.
সময় :বেলা ১১:০০ ঘটিকা
উপস্থিতি :হাজিরা কপি (সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সুশাসন ও জবাবদিহিমূলক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেন চার্টার ও ই-গভর্নেন্স কর্ম-পরিকল্পনা চালু করেছে। সরকার কর্তৃক এসব ব্যবস্থাসমূহ সম্পর্কে সকল অংশীজনকে অবহিত করার জন্য অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। শুদ্ধাচার বাস্তবায়নে শ্রম অধিদপ্তরের গৃহীত ব্যবস্থা সম্পর্কে অংশীজনদের অবহিতকরণ এবং প্রদত্ত সেবার মান সম্পর্কে মতবিনিময় করা অদ্যকার সভার মূল কর্মপরিকল্পনা উদ্দেশ্য।

সভাপতি শ্রম অধিদপ্তরের সেবা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং সভায় অংশগ্রহণকারী এবং দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ'কে শ্রম অধিদপ্তরের প্রদত্ত্ব সেবা সম্পর্কে মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য আহ্বান জানান।

১। সভাপতির অনুমতিক্রমে জনাব মিনু আফরোজ বলেন - শ্রম অধিদপ্তর জনগনের সেবায় বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও শ্রম বিধিমালা ২০১৫ আওতায় দেশের শ্রম সেক্টরে সুষ্ঠু শিল্প সম্পর্ক বজায় রাখতে ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদান করে থাকে। সমগ্র বাংলাদেশের জন্য Online Trade Union Registration System চালু করা হয়েছে। ইহা ০১ অক্টোবর ২০২২ সালে বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে বাংলাদেশে অবস্থিত সকল কারখানা ও প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীগণ ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রেশন অনলাইনে আবেদন করতে পারবে।

২। জনাব মোশাররফ হোসেন Online Trade Union Registration System এর সুবিধা সম্পর্কে বলেন, অনলাইন অটোমেশনের ফলে আবেদন করার জন্য সেবাপ্রার্থীকে অধিদপ্তরের কোন কার্যালয়ে গমন করতে হয় না। ফি দেয়ার জন্য কোন ব্যাংকে যেতে হয় না।ফলে এই সেবাগুলো সেবাপ্রার্থীদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া গেছে।

৩। জনাব ডা: সৈয়দা নুরুন নাহার ইসলাম, সিনিয়র মেডিকেল অফিসার, তেজগাঁও, ঢাকা সভায় অবহিত করেন, শ্রম অধিদপ্তরের অধীনস্থ ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ, পরিবার কল্যাণ ও জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্পর্কিত সরকারের গৃহীত বিভিন্ন শ্রম কল্যাণমূলক কর্মসূচী পরিচালনা করে থাকে। এছাড়া ২০১৮ সালে 'শ্রমিকের স্বাস্থ্যকথা' নামক মোবাইল এ্যাপস তৈরি করা হয়। বর্তমানে এই এ্যাপস এর মাধ্যমে শ্রম কল্যাণকেন্দ্রের ডাক্তারদের সাথে শ্রমিকদের সরাসরি সংযোগ প্রদানের মাধ্যমে ব্যাপকভিত্তিতে সেবাটি প্রদান করা সম্ভব হচ্ছে। শ্রমিকরা যেকোন জায়গা থেকে যেকোন শ্রম কল্যাণ কেন্দ্রের ডাক্তারদের সাথে দিনে রাতে যেকোন সময়ে টেলিফোনের মাধ্যমে স্বাস্থ্যসেবা নিতে পারবে। এ্যাপসটি গুগোল প্লেস্টোর থেকে সহজেই ডাউনলোড করে ব্যবহার করা যায়।

৪। জনাব আসমা আখতার, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা এর সিটিজেন চার্টারে বর্ণিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নসহ চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। এছাড়া তিনি তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে আলোচনা করেন।

৫। সভাপতির অনুমতিক্রমে জনাব মিতসু শাওলিন, উপ পরিচালক অনলাইনে(www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে অভিযোগ করার পদ্ধতি সম্পর্কে অবহিত করেন। তিনি সেবা প্রাপ্তি সম্পর্কে কোন প্রকার অসন্তুষ্টি ও অভিযোগ থাকলে তা দপ্তরে রক্ষিত অভিযোগ বাক্সে প্রদানের নির্দেশনা প্রদান করেন।

৬। শ্রমিকপক্ষের প্রতিনিধি এ্যাডভোকেট আতিকুর রহমানসাধারন সম্পাদক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন শ্রম অধিদপ্তরের এ ধরনের সভা আয়োজন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন যে, এই শুদ্ধাচারের মাধ্যমে যেসকল সেবা প্রদান করা হয় তা ব্যাপক প্রচারণার প্রয়োজন। এছাড়া শ্রম অধিদপ্তর কর্তৃক শ্রমজীবি মানুষের সুস্বাস্থ্যর কথা বিবেচনা করে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে তৈরীককৃত 'শ্রমিকের স্বাস্থ্যকথা এ্যাপস' এর বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনার আহবান জানান।

বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

ক) নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অধিক দায়িত্ববান ও সতর্ক থাকতে হবে।
খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধি ২০১৫ মেনে সকল কার্যক্রম আরও বেগবান করতে হবে।
গ) সিটিজেন চার্টার যথাযতভাবে বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে সেবা গ্রহীতাদের প্রত্যাশানুযায়ী সেবা প্রদান করতে হবে।
ঘ) সেবা প্রাপ্তি সম্পর্কে কোন প্রকার অসন্তুষ্টি ও অভিযোগ থাকলে তা দপ্তরে রক্ষিত অভিযোগ বাক্সে অভিযোগ দাখিল করতে হবে।
ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা নিশ্চিত করা না হলে ভুক্তভোগী শ্রমিক অনলাইনে (www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে তার অভিযোগ দাখিল করবেন।
ঙ) অনলাইন অভিযোগসহ সবধরণের অভিযোগ দ্রুত ও নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি করতে হবে।

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অংশগ্রহণকারী সকলকে শুদ্ধাচার বাস্তবায়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সিটিজেন চার্টার বাস্তবায়নপূর্বক অভিযোগ প্রতিকার ব্যবস্থাসহ সবধরণের কার্যক্রম যথাসময়ে নিস্পত্তি আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৩/১১/২০২৪

মুহাম্মদ নাসির উদ্দিন
পরিচালক (প্রশাসন)
শ্রম অধিদপ্তর
ফোন:০২২২৬৬৬৩৫০৭

স্মারক নং-৪০.০২.০০০০.০৩৫.০৬.০০১.২১.৫৪/১(৯)

তারিখঃ ১৩/১১/২০২৪খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক প্রশাসন, হিসাব ও সাধারণ/ ট্রেড উইনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ/ পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি/ মেডিকেল, শ্রম অধিদপ্তর;
২। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা/ নারায়নগঞ্জ;
৩। উপ পরিচলিক, প্রশাসন/ ট্রেড উইনিয়ন / পরিকল্পনা , উন্নয়ন ও পরিসংখ্যান/ সালিশী ও প্রশিক্ষণ / হিসাব ও সাধারন/ শ্রম কল্যাণ ও বিনোদন/ শুদ্ধাচার ও বিবিধ, শ্রম অধিদপ্তর;
৪। সহকারী পরিচালক, প্রশাসন/ ট্রেড উইনিয়ন / পরিকল্পনা , উন্নয়ন ও পরিসংখ্যান/ প্রশিক্ষণ / হিসাব/ সাধারন / সালিশী, শ্রম অধিদপ্তর;
৫। সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা/ বন্দর , নারায়ণগঞ্জ/ চাষাড়া, নারায়ণগঞ্জ;
৬। মহাসচিব ও সিইও, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা;
৭। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল (বাজাফে-০৭) এবং
৮। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন(বাজাফে-০৮)।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), শ্রম অধিদপ্তর;

১৩/১১/২৪

মিনু আফরেজ
উপপরিচালক
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম অধিদপ্তর